

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪৩.৯৩.০০৯.১৮-২১০

তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৫
২৬ জুলাই ২০১৮

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের ২০১৭ -২০১৮ অর্থ-বছরের কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-১৮ অর্থ-বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির নিম্নোক্ত প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ

১. ইনোভেশন টিমের সভা

চীফ ইনোভেশন অফিসারের সভাপতিত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভাঃ চীফ ইনোভেশন অফিসারের সভাপতিত্বে ১১টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

২. আইডিয়া ম্যানেজম্যান্ট ও স্কেল আপ

পাইলটিংকৃত আইডিয়া/প্রকল্পসমূহের শোকেসিং: পাইলটিংকৃত আইডিয়া/প্রকল্পসমূহের গত ১২ জানুয়ারি ২০১৭ শোকেসিং ও শেয়ারিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক (এসডিজি) প্রধানমন্ত্রীর কার্যালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম.এন জিয়াউল আলম, সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ ও জনাব মোঃ সিরাজুল ইসলাম, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। উক্ত কর্মশালায় মাঠ পর্যায়ে নাগরিক সেবায় উদ্ভাবনী পাইলট উদ্যোগ বাস্তবায়নকারী ১৮ জন কর্মকর্তা, মন্ত্রণালয় এবং অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। জনাব আঃ গাফফার খান, যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে বাছাই কমিটি কর্মশালায় অংশগ্রহণকৃত ২২টি উদ্ভাবনী প্রকল্প হতে ৪টি প্রকল্প রিপ্লিকেশনের জন্য বাছাই করা হয় এবং পরবর্তীতে ০২ (দুই)টি প্রকল্প ২৬ (ছাব্বিশ)টি জেলায় বাস্তবায়ন করা হচ্ছে।

৩. আওতাধীন অধিদপ্তর/সংস্থার উদ্ভাবন কার্যক্রম তদারকি

(ক) এ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ৭টি অধিদপ্তর/সংস্থাসমূহে ইনোভেশন টিমের নিয়মিত সভা অনুষ্ঠিত হয়েছে, বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে (কার্যবিবরণী কপি সংযুক্ত), প্রশিক্ষণ কর্মসূচিতে ইনোভেশন অন্তর্ভুক্ত করা হয়েছে এবং সমন্বয় সভার আলোচ্য সূচিতে ইনোভেশন অন্তর্ভুক্ত করা হয়েছে।

(খ) মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের প্রত্যেক সদস্যের মাঠ পর্যায়ের ইনোভেশন পাইলট, এসআইএফভুক্ত প্রকল্পসমূহ পরিদর্শনঃ মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের কার্যক্রম ও পরিদর্শন চলমান রয়েছে।



৪. ই-ফাইলিং ও ই-সেবা কার্যক্রম

(ক) মন্ত্রণালয়ের দু'টি শাখা/অধিশাখায় ই-ফাইলিং কার্যক্রমের প্রস্তুতি গ্রহণঃ মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা এবং কম্পিউটার সেলের ই-ফাইলিং কার্যক্রম চালুর প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। গত ২৬ জুলাই ২০১৭ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয় কর্তৃক উদ্বোধন করা হয়েছে।

(খ) প্রশিক্ষণঃ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ৩৮ জন অফিসারকে ই-ফাইলিং প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৫. পুরস্কার/স্বীকৃতি

ইনোভেশন পাইলট/প্রকল্পের সফল ইনোভেটর/উত্তম ইনোভেটরকে পুরস্কার/স্বীকৃতি প্রদান: ইনোভেশন পাইলট/প্রকল্পের সফল ইনোভেটর/উত্তম ইনোভেটরকে পুরস্কার/স্বীকৃতি প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়।

৬. পার্টনারশিপ ও নেটওয়ার্কিং


ইনোভেশন সম্পৃক্ত প্রশিক্ষণ, বুদ্ধিবৃত্তিক পরামর্শসহ বিবিধ বিষয়ে a2i প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগ ও সংশ্লিষ্ট অংশীজনদের সাথে যোগাযোগ স্থাপন: ইনোভেশন সম্পৃক্ত প্রশিক্ষণ, বুদ্ধিবৃত্তিক পরামর্শসহ বিবিধ বিষয়ে a2i প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগ ও সংশ্লিষ্ট অংশীজনদের সাথে যোগাযোগ অব্যাহত আছে।

৭. সোশাল মিডিয়া

মন্ত্রণালয়ের নিজস্ব ফেইসবুকে ইনোভেশন সম্পৃক্ত বিষয়াদি প্রকাশঃ মন্ত্রণালয়ের নিজস্ব ফেসবুক পেজ রয়েছে। মন্ত্রণালয়ের নিজস্ব ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার সংযুক্ত করা হয়েছে। উক্ত কর্ণারে মন্ত্রণালয় এবং এর আওতাধীন বিভিন্ন অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত তথ্যাদি আপলোড করা হয়েছে।

৮. ডকুমেন্টেশন

বর্ষশেষে উদ্ভাবন উদ্যোগের অগ্রগতি সংকলন করে পুস্তিকা প্রকাশ: উদ্যোগ গ্রহণ করা হয়েছে।


২৬/০৭/১৫

(ড.বিলকিস বেগম)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল: monitor@mohfw.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দু: আ: মোছা: শিরিন সবনম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা, পরিবহন পুল ভবন, কক্ষ নং-৮১৩)

কার্যার্থে ও জ্ঞাতার্থে:

১. প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২. সচিবের একান্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

৩. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৪. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫. যুগ্মসচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।